



বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট
৪, সোবহানবাগ, মিরপুর রোড, ঢাকা
একাউন্টিং এন্ড ফিন্যান্সিয়াল ম্যানেজমেন্ট ডিভিশন
www.bim.gov.bd



জরুরি

স্মারক নম্বর: ৩৬.০৭.০০০০.০০৯.২৮.০০২.১৯.১

তারিখ: ১৯ পৌষ ১৪২৭

০৩ জানুয়ারি ২০২১

বিষয়: চাকরি সংক্রান্ত "সরকারি চাকরির অত্যাবশ্যকীয় নিয়মাবলী" কোর্সে প্রশিক্ষানার্থী মনোনয়ন প্রসঙ্গে।

পত্রে উল্লিখিত বিষয়বস্তুর আলোকে সরকারি অফিস ব্যবস্থাপনায় স্বচ্ছতা, জবাবদিহিতা ও দক্ষতা উন্নয়নের লক্ষ্যে সরকারি/স্বায়ত্বশাসিত/কর্পোরেশন/প্রকল্প-এ কর্মরত মধ্যম ও কনিষ্ঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের জন্য বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট (বিআইএম)-এর ব্যবস্থাপনায় আগামী ১৯ - ২১ জানুয়ারি, ২০২১ খ্রিঃ রোজ মঙ্গলবার হতে বৃহস্পতিবার পর্যন্ত "সরকারি চাকরির অত্যাবশ্যকীয় নিয়মাবলী" বিষয়ে ০৩ (তিন) পূর্ণদিবস ব্যাপি জুম অনলাইন মিটিং ব্যবহারের মাধ্যমে প্রশিক্ষণ বিআইএম, ঢাকা ক্যাম্পাসে অনুষ্ঠিত হবে। প্রশিক্ষণ বিষয়াবলি অত্র সংযুক্ত ব্রসিউরে সন্নিবেশ করা হয়েছে। জনপ্রতি প্রশিক্ষণ ফি ৬,০০০/- (ছয় হাজার) টাকা (ভ্যাট ও আয়কর ব্যতিত) মাত্র, যা নগদ/পে-অর্ডার/চেকের মাধ্যমে মহাপরিচালক, বিআইএম, ঢাকা বরাবর পরিশোধযোগ্য।

নিম্নোক্ত বিষয়সমূহের উপরে গুরুত্ব আরোপ করা হবেঃ

- ক) সরকারি চাকরির সাধারণ শর্তাবলী;
- খ) বেতন ও অন্যান্য সুবিধাদি;
- গ) সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯;
- ঘ) সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮;
- ঙ) বাংলাদেশের ভূমি ব্যবস্থাপনা;
- চ) রেজিস্ট্রেশন আইন, ১৯০৮;
- ছ) সরকারি চাকরির শিষ্টাচার, ম্যানার ও প্রোটোকল;
- জ) নির্ধারিত ছুটি বিধিমালা, ১৯৫৯।

কোর্স সংক্রান্ত যে কোন বিষয়ে জানার জন্য জনাব আমিনুর, উর্ধ্বতন ব্যবস্থাপনা উপদেষ্টা ও কোর্স-সমন্বয়কারি (মোবাইল: ০১৭১৬৫৫১৬৬১, ই-মেইল: amenoor.bim@gmail.com) -এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণের নিমিত্তে প্রতিনিধি মনোনয়নের ক্ষেত্রে আপনার সহযোগিতা একান্তভাবে কাম্য।

বর্ণনামতেঃ কোর্স ব্রসিউর ০১ (এক) প্রস্থ।

০-১-২০২১

আমিনুর

উর্ধ্বতন ব্যবস্থাপনা উপদেষ্টা

ফোন: +৮৮০২-৫৮১৫৫০৩৪, +৮৮০২-৫৮১৫৫০৭৭,

+৮৮০২-৫৮১৫৫১১৬, +৮৮০২-৯১০৩১৭১-৩

ফ্যাক্স: +৮৮০-২-৫৮১৫২৪৭৬

ইমেইল: aminoor@bim.gov.bd

রেস্টুর/মহাপরিচালক/চেয়ারম্যান/নির্বাহী পরিচালক/ব্যবস্থাপনা
পরিচালক/প্রধান প্রকৌশলী/পরিচালক(সকল)/অধিদপ্তর/দপ্তর/সংস্থা

স্মারক নম্বর: ৩৬.০৭.০০০০.০০৯.২৮.০০২.১৯.১/১

তারিখ: ১৯ পৌষ ১৪২৭

০৩ জানুয়ারি ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) উর্ধ্বতন ব্যবস্থাপনা উপদেষ্টা, কম্পিউটার সার্ভিসেস ডিভিশন, বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট

০-১-২০২১

আমিনুর

